on South Asia map, list/show (1) countries: পাকিস্তান, ভারতবর্ষ, বাংলাদেষ, শ্রীলঙ্কা (সিংহল), নেপাল, সিকিম, ভুটান, ব্রহ্মদেশ [বর্মা] ; (2) the 19 states of India উড়িষ্যা, বিহার, আসাম [আহম], ত্রিপুরা, মণিপুর, মাদ্রাজ (মান্দ্রাজ), কেরালা, মহীশূর, অন্ধ্র প্রদেশ, দিল্লী, মধ্য প্রদেশ, উত্তর প্রদেশ, গুজরাট, রাজস্থান, মহারাষ্ট্র, গোয়া, হিমাচল প্রদেশ, পাঞ্জাব, কাশ্মীর এবং জম্মু ; (3) cities: দিল্লী, কলকাতা, বোম্বাই, মাদ্রাজ (মান্দ্রাজ), করাচী, লাহোর, ইস্‌লামবাদ, কাটমাণ্ডু, গাংটক, পুণাখা, কলম্বো, রেঙ্গুন

Exercises — Answer in complete sentences:

১) বাংলাদেশের সীমানার সঙ্গে লেগে আছে কী কী দেশ?

২) বোম্বাই কোন প্রদেশের মধ্যে পড়ে?

৩) কলকাতা থেকে বিহারে সোজা গেলে কী কী জেলা পার হতে হয়?

৪) বাংলাদেশে যমুনা আর গঙ্গা এক হয়ে গেলে কী নদী হয়?

৫) ভুতানের উত্তর সীমানায় কোন দেশ?

I. সমালোচনা

কিশোর পারেখ একটি বিশিষ্ট নাম সংবাদপত্র জগতের। কিশোর পারেখ স্বর্গত হয়েছেন গত বছর। এ বছর তাঁর কিছু অনবদ্য কাজের প্রদর্শনীর ব্যবস্থা করেছেন গুণমুগ্ধরা। সম্প্রতি বিড়লা আকাদেমি অব আর্ট ঐণ্ড কালচারে কিশোর পারেখের রেট্রস্পেকটিভ প্রদর্শনী হয়। কিশোর পারেখ ছিলেন ফটোগ্রাফার। কাজ করতেন হিন্দুস্থান টাইমস পত্রিকায়। জগৎজোড়া নামের অধিকারী কিশোর পারেখের কাজে বাস্তব হয়েছে স্পষ্ট, শুধু দৃষ্টিভঙ্গীর মাধ্যমেই নয়, ক্রিয়াকৌশলের ভূমিকাও অনস্বীকার্য। যেকোনও রচনা, তা রাজনীতিভিত্তিক হোক, কিংবা প্রাকৃতিক বিপর্যয় বিষয়ক হোক, কিংবা গ্রাম্য ঘটনা হোক কিংবা সুখদুঃখের কাহিনী হোক, কিংবা ফ্যাশন প্যারেড হোক পারেখ উপস্থাপন করেছেন সবই সুকুমার কলার মেজাজে। ক্যামেরা তো অনেকের হাতেই থাকে কিন্তু পারেখের মত দেখা এবং দেখাবার ক্ষমতা বাস্তবিকই দুর্লভ। ছবিগুলি সমষ্টিগতভাবে আমাদের কালের সবদিক থেকে দেখা এক প্রতিকৃতি।

কলা সমালোচক

('আনন্দবাজার পত্রিকা,' ১৮ চৈত্র ১৩৯০, ১ এপ্রিল ১৯৮৪, পৃঃ ৫)

II. PASSIVES

Bengali has two standard passive constructions, both using the verbal noun form of the meaningful verb:

A) VERBAL NOUN + 3D PERSON OF হওয়া :

Such constructions with হওয়া are passive pure and simple:

(active) আমি তা বলি। "I say that."

(passive) তা বলা হয়। "That is said."

Passive constructions are sometimes used in order to avoid having to specify a human agent. If a human agent is expressed, it is either in the objective case + দিয়ে (in CALIT) or in the genitive case + দ্বারা (in SADHU):

সত্যজিত রায়কে দিয়ে পরিচালনা করা হয়।
সত্যজিত রায়ের দ্বারা পরিচালনা করা হয়।
"It is directed by Satyajit Ray."

B) VERBAL NOUN + 3D PERSON OF যাওয়া/(চলা)

Such constructions with যাওয়া are also passive but with an extra nuance of "possibility." These constructions can often be translated as "(verb)-ible/-able" or "one can (verb)" or "something can be (verb)":

(Note: With some verbs, the nuance of "possibility" is not evident, and so this passive becomes translated exactly the same as the passive with হওয়া।)

(active) আমি তা বলি। "I say that."

(passive) তা বলা যায়। "One can say that." Or: "That can be said."

(active) তুমি তা পাবে। "You'll get that."

(passive) তা পাওয়া যাবে "That will be available." Or: "One will be able to get that."

(active) জ্যোতি তাঁকে দেখে নি। "Jyoti didn't see him/her."

(passive) তাঁকে দেখা যায় নি। "She/He was invisible." Or, probably: "She/He couldn't be seen."

****

In English, the OBJECT of the active verb becomes the SUBJECT in the passive sentence ("I see HIM (object)" becomes "HE (subject) is seen." and "HE (subject) can be seen"). In Bengali, the OBJECT of the active verb REMAINS the OBJECT of the verb--the verbal noun--even in the passive sentence. It is the VERBAL NOUN itself which becomes the grammatical SUBJECT. In the last example above, তাঁকে in the active construction remains তাঁকে in the passive construction.

****

অন্য খরচের চেয়ে বাজে খরচেই মানুষকে যথার্থ চেনা যায়।

"More than by any other expenditures, a man can truly be known by what he spends his money on frivolously."

(Advanced Bengali, p. 112)

বছর খানেক পরে খুকুকে নাকি কলকাতায় দেখা গেছে আবার।

"Several years later Khuku was again seen in Calcutta."

(Sunil Ganguly)

. . . যা লিখেছেন তাকে সাহিত্যলেখা বলা চলে না।

". . . what they wrote cannot be called literature."

(Jibanananda Das)

There are two variations of the passive construction built off of the VERBAL NOUN + যাওয়া in which the sense of possibility is conveyed not once but, redundantly, twice:

B1) VERBAL NOUN + যেতে + 3D-PERSON OF পারা :

(active) আমি তা বলতে পারি। "I can say that." or: I might say that."

(passive) তা বলা যায়। "That can be said." or: "One could say that."

(passive) তা বলা যেতে পারে। "That can be said." or: "One could say that."

. . . রয়েছে বিশুদ্ধ জগত সৃষ্টি করবার প্রয়াস—যাকে (sic যাবে , in the original, is a typo) কবি-জগত বলা যেতে পারে . . . ।

". . .there remains that urge to create the perfect world -- what might be called the poet's world. . . ."

(Advanced Bengali, p. 151)

এখানে লক্ষ্য করা যইতে পারে যে, পুরুলিয়া এবং মেদিনিপুর জিলার উত্তর পশ্চিম সীমান্ত বা ঝাড়গ্রাম মহকুমা হইতে যে সকল গান সংগৃহীত হইয়াছে, তাহাদের ভাষা আঞ্চলিক প্রাদেশিক ভাষা বা কুর্মালি ভাষা নহে, বরং খোট্টাই বাংলা।

"Here it can be noted that the language of all those songs collected from Jhargram subdivision or the northwestern border of Midnapore and Purulia is not a regional, provincial tongue nor the tongue of the low caste Kurmi but rather upcountry Bengali."

(Advanced Bengali, p. 204)

তারপর কংগ্রেসের একটা Intelligence Department চাই—যেখানে দেশের সব খবর পাওয়া যেতে পারে।

"Next, the Congress requires an Intelligence Department -- where all information about the country can be obtained."

(Advanced Bengali, p. 270)

B2) INFINITIVE + পারা + 3D-PERSON OF যাওয়া :

(active) আমি তা বলতে পারি। "I can say that." Or: "I might say that."

(passive) তা বলা যায়। "That can be said." or: "One could say that."

(passive) তা বলতে পারা যায়। "That can be said." Or: "One could say that."

তবে মৃত্যুর পরপারের ইতিহাসটা যদি কোন উপায়ে শুনিয়া লইতে পারা যায়, তবে তার চেয়ে লাভ আছে কি?

"But if by some means the tale of the hereafter could be heard, what greater gain than that is there?"

(Advanced Bengali, p. 132)

কবিতা রচনার পদ্ধতি সম্পর্কে সংক্ষেপে বলতে পারা যায় এই: . . .

"Concerning the process of composing poetry, in brief one can say this: . . ."

(Advanced Bengali, p. 150.)

Note: তা বলা যেতে পারে and তা বলতে পারা যায় further emphasize the sense of "possibility" but are, for all practical purposes, equivalent in meaning to তা বলা যায়।

C) বলে as a PASSIVE -- "one calls (X)," "they call (X)," or, often as a true passive, "(X) is called" ("X" is in the objective case):

একেই কি বলে সভ্যতা? "Is This Called Civilization?"

(Michael Madhusudan Dutt)

. . . গোজাতির কল্যাণার্থে এক লৌকিক উৎসব অনুষ্ঠিত হয়, তাহাকে বাধনা পরব বলে।

". . . a public festival for the welfare of the cowherdsmen caste is celebrated, called the Badhana festival."

(Advanced Bengali, p. 199)

ইহাকে অহীরা সঙ্গীতও বলে।

"It is called "ahira" music also."

(Advanced Bengali, p. 199)

D) ধরা পড়া and মারা যাওয়া, মারা পড়া

There are two verbs for which the OBJECT in the active construction BECOMES the SUBJECT IN CERTAIN PASSIVE SENTENCES:

D1)ধরা ("to catch, seize")

(active) পুলিশ চোরকে ধরেছে। "The police caught the thief."

passive with হওয়া and যাওয়া -- NOT exceptional

চোরকে ধরা হয়েছে। "The thief was caught."
চোরকে ধরা যাবে না। "The thief can't be caught."

passive with পড়া --EXCEPTIONAL

চোর ধরা পড়েছে। "The thief was caught."
আমরা ধরা পড়ব না। "We shall not be caught."

D2) মারা ("to hit, strike; to kill, 'cause to die,' i.e., causative of মরা ("to die")) (See Lesson 13, II. for causatives of this type.)

(active) সে ক্রিকেট বলটা মেরেছে। "He hit the cricket ball."
(active) সে তাকে মেরেছে। "He struck him." (or: "He killed him.")

Often, but not always, the speaker will use the auxiliary ফেলা with মারা when the intended meaning is "to kill" as opposed to "to hit":

(active) সে তাকে মেরে ফেলেছে। "He killed him."

passive with হওয়া -- NOT exceptional:
তাকে মারা হয়েছে। "He was struck/killed."

passive with যাওয়া -- EXCEPTIONAL
(Note: মারা যাওয়া "to die, pass away, perish" -- the nuance of "possibility" is absent.)
সে মারা গেছে। "He died."
ভাগ্যিস আমি এখনো মারা যাই নি।) "Luckily I haven't perished yet."

আমার বাবা ১৯৮০ শালে জানুয়ারী মাসে মারা যান। "My father passed away in January of 1980."

Note: The present tense is often used with this verb to express an action that took place in the past.

passive with পড়া -- also EXCEPTIONAL

সে মারা পড়েছে। "He died."

. . . কি আজ ভীল রাজকুমার রাজ্যহারা হয়ে রাগে-দুঃখে বুক ফেটে মারা পড়তো?

". . . would today the prince of the Bhils have died of a broken heart, out of rage and sadness, having lost his kingdom?"

(Advanced Bengali, p. 129)

Exercises -- Make the following sentences passive (omit the active subject):

১) তারা আমাদের খুব ভাল করে খাওয়াল সে দিন।

২) পুলিশ শেস পর্যন্ত সুভাষ চন্দ্রকে ধরতে পারে নি।

৩) আমি ঠিক বলতে পারি না, আজ বৃষ্টি হবে না হবে না।

Translate:

৪) পরেশ চন্দকে ইয়াং ডাক্তারই বলা চলে। (Satyajit Ray)

৫) ইহাকে কবি-চরিত-কথা হিসাবেও পাঠ করা যাইবে। (Anon)

III. মত

There are two separate words, spelled the same but pronounced differently:

A) As a NOUN, মত , pronounced without the final অ , means a number of things -- "opinion, view" and "consent, agreement" and "doctrine, creed":

তোমার মত কী? "What's your opinion?"

আমাকে ওর মত পেতে হবে। "I have to get her consent."

মতামত "opinions, views pro and con"

মতভেদ "a difference of opinion"

B) As a POSTPOSITION REQUIRING THE GENITIVE, মত , pronounced with the final অ , can mean (1) "like; befitting; satisfying," (2) "worth," and (3) "for":

(Note: May also be spelled মতো ; though less common, মতন may be used in place of মত when functioning as a postposition.)

B1) For definitions one and two situations, মত is part of a POSTPOSITIONAL PHRASE which BEHAVES LIKE AN ADJECTIVE, modifying a noun:

"like, similar to, approximate to" --

চাঁদের মত ছেলে "a moon-like child"

মায়ের মত হাসি "a mother-like smile"

আপনার মত লোককে আমরা চাই। "We want a person like you."

ঐ মেয়েটি ফুলের মত দেখতে। "That girl looks like a flower."

আমি একটু আচ্ছন্নের মতো হয়ে পড়লাম।

"I became a little overwhelmed." Or, literally: "I became a little like someone overwhelmed." (Anon) "befitting, becoming" --

রাজার মত আচরণ "behavior befitting a king" (Samsad)

"satisfying, suiting, equaling" --

মনের মতো ক'রে তারায় তারায় সাজিয়ে তুললেন মস্জিদ।

"To his heart's content, he adorned the mosque with stars." (see Lesson 7, I)

তবে শিক্ষকতা এবং Journalism বোধ হয় আমার মনের মত কাজ হইবে।

"However, perhaps teaching and journalism would be the occupations I'd prefer (occupations suiting my heart, dear to my heart)."

(Advanced Bengali, p. 270)

. . . আখ থেকে এখন দৈনিক ১৫০ কিলোগ্রামের মত মোম উৎপাদন করছে।

". . . now they are producing daily approximately 150 kilograms of wax from sugarcane."

(see Lesson 19, I)

তাকে আমার থার্মস ফ্লাস্কে দুজনের মতো চা ভরে দিতে বললাম।

"I told him to fill my thermos flask with tea enough for two persons." (Satyajit Ray)

B2) VERBAL NOUN + মত may mean (a) approximately the same as the verbal noun + genitive case (see Lesson 6, II.B) and translate as "to + verb," similar to an infinitive in English, or (b) "worth, worthy of," the verb being translated with "-ing":

(a) "to + verb" --

. . . এই কর্মসূচীর পেছনে বিরাট সমর্থন থাকলেও প্রাদেষিক কাউন্সিলে তাকে পাশ করিয়ে নেওয়ার মতো প্রয়োজনীয় সংখ্যাগরিষ্ঠতা 'বামপন্থী'দের ছিলো না।

"... . though behind this agenda there was wide-spread support, in the provincial council itself the Leftists did not have necessary majority to pass it."

(Advanced Bengali, p. 262)

বেশী চিঠি লেখবার মতো শক্তি যদি তোমার না থাকে, .

"If you don't have the strength to write a lot of letters, . ." (Tagore)

মার খুশী হবার মত কোনও খবর নেই।

"There is no news to make Mother happy." or, literally, "Mother has no news (from which) to become happy."

(Sailajananda Mukherjee)

(b) "worth, worthy of + verb + ing" --

খুব সুন্দর, অনেক দূর থেকে এসে দেখার মতো।

"Very beautiful (the mosque), worth coming from far away and seeing." (see Lesson 7, I)

এ ঘটনা লক্ষ্য করার মত।

"This event is worth noting." (Anon)

B3) ADVERB OF TIME + মত behaves like an ADVERB and translates as "for":

আজকের মত থাক। "Let it be for today." or: "That is it for today."

সন্ধ্যার পর পূর্বপরিচিত কাঠের গোলাটায় গিয়া সে রাত্রের মত আশ্রয় লইল।

"After sundown, he went to the familiar woodshed and took shelter for that night."

(Advanced Bengali, p. 142)

C) As a [illegible]FIX. মত may be combined with (1) adjectives (a) to mean "-ish" or "sort of" and (b) to make adverbs (see Lesson 12, III), and with (2) nouns to mean "according to, in keeping with":

C1a) "-ish, sort of" --

সুন্দরমত একজন "a prettyish somebody"

ভালমত ছেলে "a nice sort of boy"

C1b) adverb --

খুশিমত "as you wish, according to your desires"

ঠিকমত কর "do it properly/well"

ভালমত লিখো!/সুন্দরমত লিখো! "Write well!"

C2) "according to" --

পরে সে বাড়ীর উঠানে ঢুকিয়া অভ্যাসমত আগ্রহের সুরে ডাকিল—ওমা দুগ্গা—ও

অপু–

"Later he entered the inner courtyard of the house and, according to habit, called in an eager voice -- O Durga -- O Opu --."

(Advanced Bengali, p. 143)

সেইসব ঘটনাকেই প্রধানত অবলম্বন করে শিল্পীরা নিজেরাই নিজেদের প্রয়োজনমত ছড়া বা গান রচনা করে নিত।

"Following basically those particular episodes, the artists themselves would compose their own songs or rhyming verse as needed (according to their own needs)."

(Advanced Bengali, p. 186)

এই নিয়ে আমি এখন আরম্ভ করিতে পারি, তারপর সুবিধামত অন্য কাজেও হাত দিতে পারি।

"I can start now with this. Later, I can take up other tasks, at your convenience (according to (your, C.R. Das') convenience).

(Advanced Bengali, p. 270)

Note: রীতিমত means "according to custom" but is most often used colloquially to mean "thoroughly, completely." সময়মত means "according to a fixed time; according to the age; according to the demands of the times" but is most often used colloquially to mean "in time."

আয়ার কাছে দুই যমজ মেয়ে মোনা আর লিসাকে রেখে ওদের মা অফিসে যাবার সময় বলে গেলেন, সময়মত ওদের গোসল করিয়ে যেন খেতে দেওয়া হয়।

"Leaving the (two) twins Mona and Lisa with the maid-servant, their mother said, as she was about to go to the office, "See to it that they are bathed and fed at the proper time." (Lesson 14,

চাকরি ছাড়িলে আমি জুন মাসের শেষে দেশে ফিরিতে ইচ্ছা করি, অবশ্য যদি সময়মত passage পাই।

"Once I quit my job, I would want to return home during the latter part of June, that is, of

course, if I were to secure passage (on a steamer) in time."

(Advanced Bengali, p. 269)

Exercises -- Translate:

১) চিরকালের অভ্যাসমত দৃষ্টি আপনা থেকে বাঁ হাতের কবজির দিকে চলে গেল। ছ'টা বেজে তেরো মিনিট। (Satyajit Ray)

২) অর্থাৎ, রাজার চতুর্দিকটা হাসিহীন খেলাহীন শব্দহীন জনহীন ভীষণ মরুভূমি করতে পারলে তাদের মনের মতো রাজসম্ভ্রম রক্ষে হয়। (Advanced Bengali, p. 115)

৩) ওকে সৎলোককে বলার মত মিথ্যা আর কিছুই হতে পারে না। (Anon)

৪) কোনো সিদ্ধান্ত করার মত প্রমাণ মেলে না। (Anon)

৫) . . . মোট রাজস্ব হইতে শাসন সংক্রান্ত খরচ বাদে যাহা অবশিষ্ট থাকিবে তাহা ইংরেজ কোম্পানি ইচ্ছামত ব্যয় করিবে।

(Advanced Bengali, p. 252)

৬) তখনকার দিনে অনেকের বাড়িতেই ক্যামেরা থাকত না; বা থাকলেও, সেটা হত চার-পাঁচ টাকা দামের বক্স ক্যামেরা; তাই দিয়ে তেমন ভালো ছবি উঠত না, অন্তত বাঁধিয়ে রাখার মতো গ্রুপ ছবি ত নয়ই। (Satyajit Ray)

IV. TIME OF DAY

A) TIME TELLING:

কটা বাজে? "What time is it?"

একটা বাজে। "It's one o'clock."

ক = short form of কয় "how much" (cf. ছ - ছয় ("six") and ন - নয় ("nine"))

টা (in time expressions) = "o'clock"

বাজা "to sound, strike (as in "It struck three")"

Note common error: কত বাজে? "how ridiculous is it?"

কত = "how much," but NOT "how much o'clock"

বাজে is both an adjective ("ridiculous, worthless") as well as a verb (3d-person present of "to strike")

Adjectives MODIFYING NUMBERS ONLY:

সওয়া/সোয়া "and a quarter, a quarter past"

সাড়ে "and a half, half past"

পৌনে/পোনে "less a quarter, a quarter to"

For example:

সওয়া দুটো বাজবে। "It'll be a quarter past two."

(The enclitic টা becomes in the Calcutta dialect টো after the numeral two and টে after three and four only (see Intro. to Bengali, p. 94). In the Dhaka dialect, টা is used with all numerals including two, three, and four.)

প্রায় সাড়ে তিনটে হয়ে এলো। "It's almost three-thirty."

ঠিক পৌনে চারটে বেজে গেছে। "It's exactly a quarter to four."

দেড় "one and a half" and আড়াই "two and a half" are SEPARATE NUMBERS in Bengali:

দেড়টা (NOT সাড়ে একটা) বাজে। "It's half past one."

আড়াইটা (NOT সাড়ে দুটো) বেজেছে। "It has struck two-thirty."

==

Note: সওয়া, সাড়ে, পৌনে, দেড়, and আড়াই are not limited to expressions of time of day, e.g., সওয়া পাঁচ কেজি "five and a quarter kg's (kilograms)"; সাড়ে ছয় টাকা "six and a half takas (Bangladesh) or rupees (India)"; পৌনে সাত মাইল "six and three-quarter miles"; দেড় বছর "a year and a half"; আড়াইটা ঘর "two and a half rooms."

==

Minutes after the hour (use the PAST ACTIVE PARTICIPLE of বাজা):

আটটা বেজে পাঁচ মিনিট। or আটটা বেজে পাঁচ। or আটটা পাঁচ।

"(It's) five past eight."

Minutes before the hour (use the INFINITIVE of বাজা):

বারটা বাজতে কুড়ি মিনিট বাকি। or বারটা বাজতে কুড়ি মিনিট। or বারটা বাজতে কুড়ি।

"(It's) twenty to twelve."

Idiom: ওর বারটা বেজে গেছে। "It's all over for him./ He's done for./ He's finished."

B) SPECIFYING A PARTICULAR TIME:

কটায়, কটায় সময়/সময়ে (locative case optional with সময়) "at what time (o'clock)"

কটায় আসব? "What time shall I come by?"

ছটায় আসুন না। "Why not come by at six."

(The honorific present imperatives in the Calcutta dialect end in উন ; in the Dhaka dialect, এন , e.g., আসেন .)

Note: The expected reply to কটায় ("at what o'clock") is a specific time (o'clock); the reply to কখন ("when") can be less specific but need not be so, depending on the circumstances. For example:

Question 1. কখন আসবেন? "When are you stopping by?"

Answer 1a. নটায় আসব কি? "Shall I drop by at nine?"

or 1b. কাল আসতে পারি। "I might be by tomorrow."

Question 2a. চাটগাঁয় যাওয়ার ট্রেণ কটায় ছাড়ে?

"What time does the train to Chittagong leave?"

or 2b. ট্রেণটা কখন ছাড়ে? "When does the train leave?"

Answer 2. এগারটা বেজে বাইশ মিনিটের সময়ে ছাড়ে।

"It leaves at eleven-twenty-two."

Question 3. কখন পৌঁছাবে? "When will it arrive?"

Answer 3. কাল সন্ধ্যায় ছটা বেজে চল্লিশ মিনিটের সময় পৌঁছোবার কথা।

"It's due to arrive tomorrow evening at six-forty."

Question 4. তাহলে সাড়ে ছটার মধ্যে ইস্টেশনে গিয়ে হাজির হওয়া উচিত, তাই না?

"Then I should be at the station by six-thirty, shouldn't I?"

Answer 4. জি। সে সময় আমিও সেখানে থাকব।

"Yes, Sir. I too shall be there then."

(জি is a deferential "yes" (জি না "no") used among Muslims. Among Hindus, আজ্ঞে or আজ্ঞে হ্যাঁ is used as a deferential "yes" (আজ্ঞে না "no").)

Note: মধ্যে, with expressions of time, means "not exceeding the time specified":

সাড়ে ছটার মধ্যে "not later than six-thirty"

সাড়ে ছ ঘণ্টার মধ্যে "within six and a half hours' time"

এক বছরের মধ্যে থিসিস শেষ করতে হবে।

"The thesis must be finished within one year."

but

মধ্যে মধ্যে or মাঝে মাঝে "from time to time"

C) MEASURING TIME:

সেখানে যেতে আমার কতক্ষণ লাগবে?

"How long will it take me to get there?"

আধ ঘণ্টা লাগবে। "It'll take half an hour."

চন্দননগর পৌঁছতেই লাগল দেড় ঘণ্টা।

"It took an hour and a half to reach Chandan Nagar."

(Satyajit Ray)

লজ্জা কাটিতে একটু সময় লাগিল।

"It required a little time to cut through the awkwardness."

(Sailajananda Mukherjee)

পনের মিনিট হয়ে গেছে। "Fifteen minutes have passed."

আরো অনেক সময় লাগতে পারে। "It might take a lot more time."

আমাদের খুব কম সময় আছে। "We have very little time."

D) PERIODS OF THE DAY:

In neither English nor Bengali are the limits of periods of the day (e.g., morning, noon, afternoon, etc.) firmly fixed. Nevertheless, names for individual periods correspond in general to certain hours of the day, though the limits of some of those periods can vary according to the season, i.e., according to the length of daylight: ভোর "dawn/early morning," about 4-6 a.m.

সকাল "morning," 6-11 a.m.

দুপুর (দ্বিপ্রহর, in SADHU) "noon," 12-2 p.m.

বিকেল (বিকাল/বৈকাল) "afternoon," 3-5 p.m.

সন্ধ্যে (সন্ধ্যা) "twilight, evening," 6-7 p.m.

রাত্রি (রাত) "night," 8 p.m.-3 a.m.

****

The locative case is often রাত্রে and sometimes রাত্তিরে instead of the expected রাত্রিতে .

****

দুপুর রাত্রি (or রাতদুপুর) "midnight"

Note common error: In English one speaks of 8 o'clock in the evening, or even 9 or 10 in the evening; in Bengali from 8 o'clock on is considered NIGHT (রাত্রি , not সন্ধ্যে) .

বেলা "period of day, time" usually implies morning time, when used by itself:

অনেক বেলা হয়েছে। "It's late in the morning."

Other meanings include "turn, time":

তবে আমার বেলা লাঠি কেন? "But why wield the rod when it is my turn?"

(Advanced Bengali, p. 104)

এই বেলা : "opportune time, opportunity"

এই বেলা এ গঙ্গা-মা'র শোভা যা দেখবার দেখে নাও, আর বড় একটা কিছু থাকছে না।

"At this opportune time, what there is to see of Mother Ganges' beauty, gaze upon it now; little of it will last for long." (Advanced Bengali, p. 110-11)

Following other names of periods of the day, বেলা means simply "time." e.g., ভোর বেলা "dawn (time)/early moring (time)." As with সময় , the locative case is optional with বেলা :

আজ সকাল বেলা এলাম। "I came this morning."

কাল দুপুর বেলায় বাড়ি থাকবে না। "She won't be home tomorrow at noon."

If বেলা is not present, the names of the periods of the day require the case ending, when used in the locative:

আজ সকালে আপিশে গেল। "He went to the office this morning."

দুপুরে খুব কম খান। "She eats very little for lunch."

Names of periods of the day can be used as adjectives before expressions of "o'clock":

ভোর পাঁচটায় উঠলেন। "He got up at five o'clock in the morning."

কাল রাত দশটার সময় তারা পৌঁছেছে। "They arrived at ten yesterday evening."

There is no equivalent to "a.m." and "p.m." in Bengali. The above adjectival construction serves the same purpose in most situations, i.e., রাত দশটা = 10 p.m. Some schedules use the 24-hour clock: ১৩.০০ = 1:00 p.m. etc.

Exercises: Give the times in Bengali:

1) 12:15 p.m. 4) 3:18

2) 6:45 p.m. 5) 9:57

3) 7:30 a.m. 6) 1:30

Respond in complete sentences in Bengali:

1) How long are you going to stay here?

2) When does the lecture begin?

3) How long will it take to get from here to the university?

4) What time is it now?

5) Can you meet me at 2:30?

I. স্বাগত ভাষণ

মাননীয় প্রধান অতিথি, সভাপতি, চট্টগ্রাম অর্থনীতি সমিতি, সম্মানিত প্রতিনিধিবৃন্দ, ভদ্রমহিলা ও ভদ্রমহোদয়গণ,

চট্টগ্রাম অর্থনীতি সমিতির দ্বিতীয় বার্ষিক সম্মেলনের অভ্যর্থনা পরিষদের সভাপতি হিসাবে আমি আপনাদের স্বাগত জানাবার সুযোগ পেয়ে অত্যন্ত গর্বিত বোধ করছি।

. . . .

আমি আশা করি, এ সম্মেলনের আলোচনা ফলপ্রসূ হবে এবং আমরা গ্রামীণ পরিকল্পনা এবং উন্নয়নের সমস্যাসমূহ পরিচিহ্নিত করতে এবং তার সমাধান ও উন্নয়ন ব্যাপারে পরামর্শ দান করতে সক্ষম হবো। অভ্যর্থনা কমিটির (Note: Both কমিটি, from English, and সমিতি, from Sanskrit (see signature line below), are used in Bengali to mean "committee.") পক্ষে আমি এই সম্মেলনে অংশগ্রহণকারী সকলকে ও বিশেষভাবে বাহির থেকে আগত প্রতিনিধিবৃন্দকে স্বাগত জানাই। তাঁদের অংশগ্রহণের দ্বারা আমাদের এ সম্মেলন সাফল্যমণ্ডিত হবে। এত অল্প সময়ের মধ্যে এ সম্মেলন অনুষ্ঠান করার কৃতিত্ব চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগ, চট্টগ্রাম কলেজ এবং চট্টগ্রাম সরকারী বাণিজ্য কলেজের। চট্টগ্রাম জেলা কর্তৃপক্ষ এবং চট্টগ্রামের বিভিন্ন বাণিজ্য প্রতিষ্ঠান ও ব্যাঙ্কসমূহ যাঁরা আমাদের এ ব্যাপারে আর্থিক এবং অন্যান্যভাবে সহযোগিতা করেছেন তাঁদের কাছে আমি কৃতজ্ঞ।

ভদ্রমহিলা ও মহোদয়গণ, আমি আপনাদের সাদর স্বাগত জানাই এবং আপনাদের আলোচনা ফলপ্রসূ হোক—এ কামনা করি।

ধন্যবাদ,

এ. এম. জহিরুদ্দিন খান
সভাপতি, অভ্যর্থনা পরিষদ
দ্বিতীয় বার্ষিক সম্মেলন
চট্টগ্রাম অর্থনীতি সমিতি

তারিখ, চট্টগ্রাম
২৪শে এপ্রিল, ১৯৭৬

II. AUXILIARY VERBS

The term "compound verb" designates a construction of at least two words, the last of which being a verb, the other word or words being either (a) another verb in its past active participial form or (b) a noun. For example:

a) PAP + verb নিয়ে যাওয়া "to take"
b) noun + verb আশা করা "to hope"

The term "auxiliary verb" will refer here only to certain final verbs in the (a) type of compounds. Auxiliary verbs, though they have a literal meaning of their own, are not translatable literally but instead add a nuance to the "meaningful" verb which they follow. Take, for instance, three compound verbs of the (a) type in which যাওয়া is the final verbal element:

নিয়ে যাওয়া "to take"
নেমে যাওয়া "to descend"
পড়ে যাওয়া "to fall"

In the first example, যাওয়া , though not always translated, does mean "to go," and such a meaning is implied by this compound verb, which can be translated quite literally "to take and go." The actions, in this case, are sequential; first the action of "taking" occurs, then the action of "going." The যাওয়া here is NOT what we are calling an auxiliary verb.

In the second example, যাওয়া does not represent an action independent of নামা ("to descend") but simply gives direction to the action signified by নামা ; যাওয়া here implies that the নামা , in this case, means "to GO down." (The corresponding compound, নেমে আসা , means "to COME down.") The actions of "descending" and "going" are not sequential. The subject of the verb does not first descend and then go somewhere: he or she simply descends, going.

In the third example, যাওয়া again does not represent an action independent of পড়ে ("to fall") and, moreover, does not represent an action at all. The যাওয়া , in this case, does not mean "to go" but instead adds a nuance of finality (however superfluous that might seem) to the action of falling. There are not two actions expressed here, and so there is no question of sequentiality.

The যাওয়া in the second and third examples above is what is being called an auxiliary verb. The যাওয়া in these two examples does not represent the literal action of the verb "to go" but instead adds something to the "meaningful" verb, নামা and পড়া respectively. The যাওয়া in the first example, on the other hand, does stand for the verb "to go" and is NOT an auxiliary.

The following verbs, all perfectly good and "meaningful" in their own right, also may function as auxiliary verbs:
আসা/যাওয়া, দেওয়া/নেওয়া, থাকা (আছ্-), ওঠা, তোলা, পড়া, ফেলা, and বসা

A) আসা/যাওয়া :

As auxiliaries, আসা ("to come") and যাওয় ("to go") may add (a) direction or (b) finality/certainty to the "meaningful" verb. For example:

চলা ("to move") is unspecific as to whether it means to go or to come:

চলে আসা "to come"
চলে যাওয়া "to go"

নামা ("to descend, get down") as mentioned above, is unspecific as to whether it means to go down or come down:

নেমে আসা "to get down, come down"
নেমে যাওয়া "to get down, go down"

ফেরা ("to return") is unspecific as to whether it means to return from here to there ("to go back") or from there to here ("to come back"):

ফিরে আসা "to return, to come back"
ফিরে যাওয়া "to return, to go back"

থামা ("to stop, end") -- here the auxiliary adds not direction but finality:

বৃষ্টি থেমে এসেছে "The rain stopped."
বৃষ্টি থেমে গেছে "The rain stopped."

Note: যাওয়া as an auxiliary meaning finality or certainty is in general far more common than is আসা :

থাকা ("to remain, stay") -- the auxiliary (যাওয়া only) adds some finality:

রাজরানী বললেন—'আর কটা দিন থেকে যা, ছেলেটি হয়ে যাক।'
Her highness said, "Stay a few days more; let the child be born."
(Advanced Bengali, p. 126)

. . . কিছুটা মোম তার মধ্যেও থেকে যায়।
". . . a small quantity of wax remains in it (the pulp of pulverized sugarcane)." (Lesson 19, I)

বলা ("to say, speak") -- the auxiliary (যাওয়া only) adds some finality:

সে বলে গেছে যে . . . . "He said that. . . ."

আসা ("to come") -- the auxiliary (যাওয়া only) adds some certainty:

তারা এসে গেছে "They have arrived."

পূজার ছুটি এসে গেল। "The puja vacation arrived."

(Advanced Bengali, p. 145)

Note idiom: The 3d-person + genitive construction with এসে যাওয়া means "to matter, make any difference":

তার কিছু এসে যায় না। "It doesn't matter at all to him."

কাপটা আগে ভাঙে নি, এবারেও ভাঙল না, ভাঙলেও কারুর কিছু এসে যেত না।

"The teacup hadn't broken before; didn't break this time either; and if it did break, no one would have cared one way or the other."

(Jibanananda Das)

তোমার কি এসে যায়? "Does it make any difference to you?

হ্যাঁ, খুব এসে যায়। "Yes, it makes a great deal of difference."

হ্যাঁ, খুব যায় আসে। "Yes, it makes a great deal of difference."

Note: In the reply, the two verbs may be inverted, but then they are both in the finite form, not one a PAP and the other a finite verb.

B) দেওয়া/নেওয়া

As auxiliaries, দেওয়া and নেওয়া imply direction of the results of the "meaningful" verb. দেওয়া implies that the results of the action of the "meaningful" verb are DIRECTED AWAY FROM THE SUBJECT OF THE SENTENCE. নেওয়া implies that the results of the action of the "meaningful" verb are DIRECTED TOWARDS THE SUBJECT OF THE SENTENCE.

(without aux.) এই কথাটা তোমার ভাইকে বল। "Tell this to your brother."
(with aux.) এই কথাটা তোমার ভাইকে বলে দাও। "Tell this to your brother."

The auxiliary here simply adds an extra nuance, emphasizing that the action of "speaking a message" is directed away from the subject of the sentence ("you") and towards someone else ("your brother").

(without aux.) এই কথাটা লেখ। "Write this down."
(with aux.) এই কথাটা লিখে নাও। "Write this down."

Again, the auxiliary simply adds a nuance, emphasizing that the action of "writing something" is directed towards or intended for the benefit of the subject of the sentence ("you").

আমি ছবি দেখিয়ে দেব। "I'll show (you/somebody) a picture."
আমি ছবিটা দেখে নেব। "I'll take a look at the picture."

আমি তা করে দেবো। "I'll do it." (for someone other than the "I")
আমি তা করে নেবো। "I'll do it." (for the "I")

সে আরেক দিন বুঝিয়ে দেব। "I'll explain it (to you) another day."
(Jibanananda Das)
এখন এই হিসেবটা বুঝে নাও। "Now see that you understand these figures."
(Jibanananda Das)

. . . লেখা আমায় পাঠাবে? আমি অনুবাদ ক'রে নেবো।
". . . would you send me an article? I'll translate it (for myself)." (see Lesson 13, I)

সেইসব ঘটনাকেই প্রধানত অবলম্বন করে শিল্পীরা নিজেরাই নিজেদের প্রয়োজনমত ছড়া বা গান রচনা করে নিত।

"The artists themselves, as they saw fit, used to compose simple rhyming verse or songs, centered basically around all these events."

(Advanced Bengali, p. 186)

Fairly common, though redundant, are the constructions দিয়ে দেওয়া and নিয়ে নেওয়া।

'এখুনি রসিদ দিতে হবে?'
'দিয়ে দেবে যখন সুবিধে হবে, এখুনি কি দরকার।'
"Should (I) give (you) the receipt right this moment?"
"Give it when it's convenient; what's the need right now?"
(Jibanananda Das)

আপনি টাকা নিয়ে নিন না। "Why don't you take the money."

C) থাকা/ আছ-

The primary meanings of থাকা ("to remain, stay") and of আছ- ("to be, exist") are also the nuances of these verbs when used as auxiliaries:

আমি খাবার খেয়ে একটু শুয়ে ছিলাম

"After I had eaten, I was lying down for a while." (literally: lay down and was in that state of lying down)

(Intro. to Bengali, p. 213)

সে বরফের ওপর পড়ে গিয়ে হাত ভেঙে বসে আছে

"She fell on the ice and broke her arm, and she is laid up." (literally: . . .sat down and is in that state of sitting down)

(Intro. to Bengali, p. 216)

প্রত্যেক গৃহস্থই কৃষি ও অন্যান্য কার্যের জন্য গো-পালন করিয়া থাকে।

"Each and every householder keeps cows for cultivation and other tasks."

(Advanced Bengali, p. 199)

সেই অঞ্চলের এক শ্রেণীর সৌখীন লোক পোষা কুড়া পাখীর সহায়তায় বন্য কুড়া শিকার করিয়া থাকে।

"A certain class of leisured people of that locality hunt wild kuras with the help of trained kura birds."

(Advanced Bengali, p. 205)

When the "meaningful" verb is a VERB OF MOTION, the auxiliary থাকা implies CONTINUAL action of the "meaningful" verb:

সে তাদের বাড়িতে গিয়ে থাকে

"He goes to their house time and again."

(Buddhadeva Bose?)

Note: When the "meaningful" verb is in the infinitive form, the auxiliary থাকা implies CONTINUOUS action of the "meaningful" verb:

সে তাদের বাড়ির দিকে হেঁটে যেতে থাকল

"She continued walking towards their house."

(See Lesson 15, II "Infinitives")

D) ওঠা, তোলা, পড়া, ফেলা, and বসা

Though not interchangeable in all environments, these five auxiliaries imply that the action expressed by the "meaningful" verb has been done either (a) somewhat suddenly, quickly or (b) thoroughly or both:

আমি বলে উঠলাম "I spoke out." Or: "I spoke up." (suddenly)

সুতীর্থ এ জিনিসটার মানে ঠিক বুঝে উঠতে পারে না।

"Sutirtha wasn't able to comprehend exactly the significance of this thing." (Jibanananda Das)

(completely)

আপনি দাঁড়িয়ে পড়লেন কেন? "Why did you stand up?"

(suddenly)

এত ঘুরছ কেন, ট্রামে উঠে পড় সুতীর্থ।

"Why are you wandering about so; get on the tram, Sutirtha."

(Jibanananda Das)

(quickly)

সে মাছটা খেয়ে ফেলল "She ate up the fish."

(completely and quickly)

তিনি ব্যাপারটা শেষ করে বসলেন

"He completed the matter suddenly."

(quickly)

These four auxiliaries are not used in negative sentences. There is no simple rule about which auxiliaries can be used with which "meaningful" verbs. Take note of occurrences when you come upon them in your readings and conversations.

III. হয়ে and হিসেবে/হিসাবে : "as"

A) As a postposition requiring no case ending on the preceding word, হয়ে means "as":

আমি তোমার বন্ধু হয়ে সে কথা তোমাকে বলছি।

"I am telling you that as your friend."

আপনি মার্কিন রাষ্ট্রদূত হয়ে তা বলছেন তবে সত্যি কথা বলতে গেলে কী মনে করেন?

"You are saying that as the American ambassador, but in truth what do you really think?"

নারী হইয়া এই দুঃখ কি করিয়া সহ্য হয়?

"As a woman (Being a woman), can this sorrow be tolerated?"

(Asutosh Bhattacharya)

Note: হয়ে as a postposition requiring the genitive case on the preceding word means "for" or "on behalf of." (see Lesson 2, III.) Compare with the above examples:

আমি তোমার বন্ধুর হয়ে সে কথা তোমাকে বলছি।

"I am telling you that on behalf of your friend."

আপনি মার্কিন রাষ্ট্রদূতের হয়ে বলছেন. . . .

"You are speaking for the American ambassador. . . ."

B) হিসেবে/হিসাবে, as a postposition requiring no genitive, except with personal pronouns (see Lesson 14, IV.), also means "as"; হয়ে suggests more permanence ("having become such and such" or "being such and such") whereas হিসেবে/হিসাবে is more for just a given situation ("counted as or considered as" or "in the capacity of"):

. . . সভাপতি হিসাবে আমি আপনাদের স্বাগত জানাবার সুযোগ পেয়ে অত্যন্ত গর্বিত বোধ করছি।

". . . I am very honored to have the opportunity, AS CHAIRMAN, to welcome all of you:" (see section I above)

প্রমথনাথ বিশী প্রধানত রবীন্দ্রনাথের সাহিত্য সমালোচক হিসেবে স্বীকৃত হলেও এই গ্রন্থে তিনি উনবিংশ শতাব্দীর এক শ্রেষ্ঠ কবির জীবনকথা বিপুলভাবে তুলে ধরেছেন।

"Pramathanath Bishi, though acknowledged primarily AS A CRITIC of Rabindranath's literature, in this book (i.e., the one referred to) has taken up, in detail, the life story of one of the finest poets of the nineteenth century." (Advanced Bengali, p. 167)

এই ভাব ও ভক্তি রসাত্মক কাব্যকাহিনী নিয়ে পটুয়া রঙ ও রেখা দিয়ে যে আলেখ্য রচনা করত শিল্পবস্তু হিসাবে সেগুলিও অতুলনীয়।

"Those pictures which, from (taking) these devotion- and emotion-filled tales, the patuya created with (giving) color and line are incomparable AS ART OBJECTS."

(Advanced Bengali, p. 184)

জনসাধারণের সংস্কৃতির বাহন হিসাবে এই পটচিত্রের কোন তুলনা পাওয়া যায় না।

"AS A CONVEYOR of culture to the common people, nothing compares with these scroll paintings."

(Advanced Bengali, p. 189)

(Note: হিসেব/হিসাব, as a noun, means "account"; হিসেব করা, "to figure (accounts).")

Exercises: Supply either হয়ে or হিসেবে in the blanks:

1) কিন্তু পাঠক   আমার মনে হয়, এই উক্তিটি আধুনিক বাংলা কাব্যে জীবনানন্দ সম্পর্কে যতটা প্রযোজ্য, এমন আর কারো সম্বন্ধেই নয়।

"But, as a reader, it seems to me, this statement (i.e., that "poetry is not to be understood, it is to sound") is, in the field of modern Bengali poetry, more applicable to Jibanananda than to anyone else."

(Advanced Bengali, p. 159)

2) সংবাদপত্রের পর্বটিকে দুটি পর্যায়ে ভাগ করা হয়েছে: প্রথম পর্যায়ের সংবাদপত্রের অধিকাংশ লেখকই অজ্ঞাত, দ্বিতীয় পর্যায়ের সাংবাদিকেরা লেখক স্বীকৃতি পাবার দাবী রাখেন।

"The journalism chapter divides into two phases: in the first phase the majority of writers for newspapers were anonymous; journalists during the second phase claimed recognition as writers."

(Advanced Bengali, p. 246)

3) গত সাত দিনের ঘটনায় বোঝা যাচ্ছে যে, বাংলাদেশে সরকারের সমস্ত শাখা আমাদের আইনসঙ্গত পরিচালক গ্রহণ করেছে এবং আমাদের সব নির্দেশ নিয়েছে।

"From the events of the past seven days it is clear that in Bangladesh all branches of the government have accepted us as the legal administrators and have taken all our directives.'

(Advanced Bengali, p. 272)

IV. DATES OF THE MONTH

The words for "first, second, etc." of a month are different from the ordinal numbers (see Appendix 3).

"First" through "fourth":

পয়লা (পহেলা in SADHU) "first, first day of the month" (abbreviated: ১লা)

দোসরা "second, second day of the month" (abbr. ২রা)

তেসরা "third, third day of the month" (abbr. ৩রা)

চৌঠা "fourth, fourth day of the month" (abbr. ৪ঠা)

From the "fifth" through the 'eighteenth" of the month, the suffix ই is added to the cardinal numbers:

পাঁচই "fifth day of the month" (abbr. ৫ই)

ছয়ই "sixth day of the month" etc. (abbr. ৬ই)

From the "nineteenth" on, the suffix এ (as an "e-kar") is added to the cardinal numbers:

উনিশে "nineteenth day of the month" (abbr. ১৯শে)

বিশে "twentieth of the month" etc. (abbr. ২০শে)

পয়লা, দোসরা, etc. are both nouns and adjectives:

(noun + locative) পয়লায় যাব। "I'll go on the first."

(adj.) পয়লা বৈশাখে যাব। "I'll go on the first of Baishakh."

With the word তারিখ ("date"):

(adj.) পয়লা তারিখে যাব। "I'll go on the first."

বৈশাখের পয়লা তারিখে যাব।
"I'll go on the first of Baishakh."

বৈশাখ মাসের পয়লা তারিখে যাব।
"I'll go on the first day of the month of Baishakh."

পাঁচই, ছয়ই, উনিশে, বিশে, etc. are adjectives used with the names of the months:

পাঁচই বৈশাখে যাব। "I'll go on the fifth of Baishakh."

উনিশে এপ্রিলে যাব। "I'll go on the ninteenth of April."

With তারিখ, the ordinal numbers are used without a suffix:

ছয় তারিখে যাব। "I'll go on the sixth."

চৈত্র মাসের কুড়ি (বিশ) তারিখে যাব।
"I'll go on the twentieth day of the month of Caitra."

Note: Whereas পয়লা is used with তারিখ for the "first" of the month, for the "second," "third," and "fourth" (when using the word তারিখ), the ordinals + তারিখ are more common:

দু তারিখে যাব। "I'll go on the second."

The feminine forms of the ordinal numbers from "second" through "fifteenth" designate the phases of the waxing (শুক্লা, শুক্লাপক্ষ "the light fortnight") and the waning (কৃষ্ণ, কৃষ্ণপক্ষ "the dark fortnight) moon:

দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী, অষ্টমী, নবমী, দশমী,
একাদশী, দ্বাদশী, ত্রয়োদশী, চতুর্দশী, পঞ্চদশী

(Note: Though this last word can mean the full or the new moon, the more common words for these are পূর্ণিমা ("the full moon") and অমাবস্যা/ অমাবাস্যা ("the new (no) moon").)

মাঘী-সপ্তমীতে এখনও কণারকে মেলা বসে এবং সেই দিনই বাঙলা দেশেও গঙ্গাস্নানের বিধি আছে।

"On the seventh day of the moon in the month of Magh still now a fair is held at Konarak, and on that very day in Bengal bathing in the Ganges is prescribed." (Advanced Bengali, p. 175)

এই বৎসর ভাদ্র মাসের শুক্লা দ্বাদশী হইতে আরম্ভ হয়।

"This year (of a particular reign) began from the twelfth day of the light fortnight of the month of Bhadra." (Advanced Bengali, p. 179)

Exercises -- Answer in complete sentences:

১) আজ কত তারিখ?

২) রবীন্দ্রনাথের জন্মবার্ষিকী কবে?

৩) পাক-ভারতের স্বাধীনতা-দিবস ক' তারিখে পড়ে?

৪) আগামী সোমবার ক' তারিখে পড়বে?

৫) খৃষ্টানদের বড়দিন কবে অনুষ্ঠিত হয়?

I. বিশ্বকোষ

দক্ষিণরায়—বাংলার প্রসিদ্ধ লৌকিক দেবতা। ইঁহাকে মেদিনীপুর, যশোহর, খুলনা এবং চব্বিশ পর্গনা জেলায় প্রায় সকল শ্রেণীর, বিশেষতঃ অনুন্নত শ্রেণীর হিন্দুরা পূজা করে। ইঁহার পূজার আধিক্য দেখা যায় চব্বিশ পর্গনা জেলার দক্ষিণাংশে, সম্ভবতঃ ঐ অঞ্চলই দক্ষিণরায়ের পূজার উৎপত্তিস্থল। সুন্দরবনের অধিবাসী এবং ব্যাঘ্রকুলের অধিদেবতা বলিয়া বিশ্বাস ও পূজা করেন। দক্ষিণরায়ের পূর্ণ মূর্তি অতি সুশ্রী এবং বীরোচিত। পরিচ্ছদ ও প্রহরণাদি হিন্দুযুগীয় যোদ্ধা বা রাজার অনুরূপ। মূর্তিব্যতীত ইঁহার 'বারা' বা মুখমণ্ডল-অঙ্কিত ঘট প্রতীকরূপে পৌষ-সংক্রান্তি বা পয়লা মাঘে ব্যাপকভাবে পূজিত হয়। দক্ষিণরায়ের বার্ষিক বা বিশেষ পূজাকে 'রায়ের জাতাল পূজা' বলা হয়। অনেক স্থলে ব্রাহ্মণেতর জাতির লোক ইঁহার পূজায় পৌরোহিত্য করিয়া থাকেন।

কৃষ্ণরাম দাস প্রভৃতি ইঁহার মাহাত্ম্য অবলম্বন করিয়া মঙ্গলকাব্য রচনা করিয়াছিলেন। 'কালুরায়' দ্র।

গোপেন্দ্রকৃষ্ণ বসু

('ভারতকোষ', চতুর্থ খণ্ড [কলকাতা: বঙ্গীয় সাহিত্য পরিষত, তারিখ দেয়া হয় নি], পৃঃ ১০।)

II. CAUSATIVE VERBS

To review: Causatives verbs (implying that the subject of the verb "causes" some person or object to do something) are generally made by adding আ to the non-causative verb stem:

Note: For the conjugation of causative verbs, see Appendix 1.

শেখ- the stem of "to learn"

শেখা- the stem of "to teach (cause someone to learn)"

A) "STRENGTHENED" STEM VOWEL and "DOUBLE" CAUSATIVES

A very few verbs whose stem vowel is the inherent অ have formed their causative by "strengthening" (you could also say "changing") that অ to an আ :

পড়- stem of "to fall"

পাড়- stem of "to bring down (to cause to fall); to pluck, pick"

চল- stem of "to move, go"

চাল- stem of "to move (something) (to cause something to move, go)"

These same verbs can also form their causative by the addition of আ to their non-causative stem:

পড়া- stem of "to cause to fall"

চলা- stem of "to cause to move"

And, these verbs of "lengthened" stem vowel also have a "double" causative form, i.e., a causative by two different constructions:

পাড়া- stem of "to cause to fall; to pluck, pick"

চালা- stem of "to cause to move; to drive (a car); to operate (a machine)"

Note: The doubling of the causative does NOT really change the meaning of the single causative; however, one or another of the causatives tends to be preferred in any given situation. Observe in the course of your readings and conversations which causative is used in what situations.

B) MOCK CAUSATIVES

A fair number of verbs in Bengali are causative in form (display the আ causative marker) but have no discernible causative meaning:

ঘুমান/ঘুমানো "to sleep," (NOT "to cause someone to sleep")

পাঠান/পাঠানো "to send," (NOT "to cause someone to send")

These causative-in-form-but-not-meaning or mock causative verbs generally have no non-causative form, nor is there any standard way of making such verbs truly causative. In the case of ঘুমান , for instance, the causative is conveyed by the construction ঘুম পাড়ান ("to put (a child) to sleep"), a compound verb comprised of the noun ঘুম ("sleep") + পাড়ান ("to cause to fall"). Other mock causatives may be made to express "causativeness" by different means.

Some mock causative verbs:

এগান "to advance, go forward" (see section C below)

জিরান "to rest, relax"

দৌড়ান "to run" (Note: The PAP of this verb is usually non-causative in form, e.g., দৌড়ে যাওয়া "to run"; the causative of দৌড়ান is expressed by দৌড় করান)

পেছান/পিছান "to go in reverse, fall back; to postpone, put off"

পেরন "to cross, cross over, pass through, get through" (see section C below)

পৌঁছান "to arrive, reach" (Note: The non-causative verb পৌঁছা exists and means the same, "to arrive, reach"; পৌঁছান can also be causative, "to cause someone to arrive, to escort"; other ways of making this verb causative in meaning are presented in Intro. to Bengali, pp.219, 376.)

বেড়ান "to walk, stroll, tour"

বেরন "to go out, come out, leave" (see section C below)

C) ALTERNATIVE CAUSATIVE MARKERS ও, উ

Though the standard causative verb stem marker is আ , the alternate causative marker, ও , may be used in any causative verb where the vowel immediately preceding the causative marker is high, i.e., ই or উ (see Intro. to Bengali, pp. 270, 376):

জিরান or জিরোন (because of the ই) "to rest, relax"

জুড়ান or জুড়োন (because of the উ) (1) "to cause to join together something, attach"; (2) "to cool, console, satisfy"

ঘুমান or ঘুমোন (because of the উ) "to sleep"

দৌড়ান or দৌড়োন (because of the উ sound in ঔ).."to run"

পৌঁছান or পৌঁছোন (because of the উ sound in ঔ) "to arrive, reach"

বুলান or বুলোন (because of the উ) "to pass one's hand over lightly, stroke, pet"

Three mock causatives, however, are exceptions to this rule on causative verb stem markers:

বেরন/বেরুন/বেরোন "to go out, come out, emerge" (equivalent to বার হওয়া, বাহির হওয়া ; PAP is বেরিয়ে)

পেরন/পেরুন/পেরোন "to cross, cross over, pass by" (equivalent to পার হওয়া ; PAP is পেরিয়ে

সেই যে অনেক রাতে পাম্পসুর খত খত শব্দ করে মাহুততুলীর গলি পেরুতেন তিনি?

"(You mean) the one who late at night used to pass through the side streets of Mahut Tuli, his pumps tapping the pavement." (Lesson 7, I)

এগন/এগুন/এগোন/এগান "to advance, go ahead, progress" (equivalent to আগে যাওয়া ; PAP is এগিয়ে ; the verb আগান exists also, having the same meaning as এগন)

পরিত্যক্ত হওয়ার আগে ব্যাচেলর্স ১-0 গোলে এগিয়েছিল।

"Before (the game) was discontinued, Bachelors hockey team had gone ahead in goals 1-0." (Lesson 5, I)

Note: The high vowel ই of the PAP does NOT raise the stem vowel এ to ই ; inflected forms of the verb use either the উ or the ও marker.

The following verbs are sometimes inflected using the উ causative marker:

দৌড়ান "to run" দৌড়ুব "I shall run"

পৌঁছান "to arrive, reach" পৌঁছুলাম "I arrived"

Exercises -- Translate:

1) I love to eat Bengali sweets.

When friends come over, I love to serve (to feed) them Bengali sweets."

2) She slept all night last night.

She put her son to sleep early.

3) The car sped along the main road.

He drives (the car) much too fast.

III. 3-অক্ষর VERBS

There are many verbs in Bengali which have three "letters" (অক্ষর) in their stem. An অক্ষর here means any letter of the alphabet: consonants, with or without their accompanying vowel, and initial-position vowels, those that appear in a list of the alphabet -- আটকা- ("to impede, obstruct; to detain") is a verb stem with three অক্ষর , namely আ, ট, and কা , as is কামড়া- ("to bite"), the three being কা, ম, and ড়া .

The "3-অক্ষর " verbs have several features in common:

1) They all are causative in form but non-causative in meaning. (cf. section II above)

2) The PAP may be made either with the normal causative ending (ইয়ে) or with the non-causative ending (এ):

আটকিয়ে or আটকে , and কামড়িয়ে or কামড়ে

The non-causative PAP (আটকে, কামড়ে) is more common in today's colloquial Bengali. All other verbal forms (except for the PAP and the two tenses made from the PAP, i.e., the present completive and the past completive) are exactly the same as any causative verb.

3) They almost all have a corresponding noun which is the three অক্ষর minus the causative verb marker (আ):

আটক n. "impediment, obstruction; detention"

কামড় n. "a bite, the act of biting"

The noun often can be combined with one of the common verbs of action ('করা, দেওয়া') to form a compound verb which has the same meaning as the 3-অক্ষর verb itself:

আটক করা "to impede, obstruct; to detain"

কামড় দেওয়া "to bite"

4) Besides the standard passives, which apply to all verbs, some of the 3-অক্ষর verbs can in addition be made passive by adding যাওয়া (sometimes পড়া) to the PAP of the 3-অক্ষর verb:

আটকে যাওয়া "to become obstructed; to be detained"

In passive constructions of this sort, the subject of the passive sentence is NOT a verbal noun (the subject is a verbal noun in the standard passive constructions, see Lesson 9, II) but the person or thing acted upon; the verb যাওয়া agrees with that subject:

(active) সুবীর দৌড়ে গিয়ে তার পথ আটকাচ্ছে।

"Subir runs and blocks his path." (Sunil Ganguly)

(passive) তার পথ আটকে যাচ্ছে। "His path is being blocked."

(active) সুবীর আমাকে আটকালো। "Subir detained me."

(passive) আমি আটকে গেলাম। "I was detained." Or:

আমি আটকে পড়লাম। "I got detained."

5) The 3-অক্ষর verb stems are always pronounced in two syllables, i.e., the inherent vowel (অ) of the second অক্ষর is never pronounced in verbal forms.

(Note: An exception to this rule is found in those verbs whose second অক্ষর is a vowel, e.g., আওড়ান ("to recite repeatedly") and ঠাওরান/ঠাউরান or, in its sadhu form, ঠাহরান ("to view, see, visualize, view as"). In the latter case, the corresponding noun, ঠাহর , has alternative spellings -- ঠাওর and ঠাউর . All of these verb stems are pronounced with three syllables: আ, ও, ড়া; ঠা, ও, রা; ঠা, উ, রা, and ঠা, হ, রা , repsectively.)

আমাকে দালাল ঠাউরেছ নাকি? "Do you take me for (view me as) an agent?"

(Bibhuti Bhushan Banerjee)

Some 3-অক্ষর verbs:

আওড়ান	"to recite (repeatedly)"
আঁচড়ান	"to comb; to scratch"
আটকান	"to impede, obstruct; to detain"
কামড়ান	"to bite"
ঘাবড়ান	"to get agitated, flustered"
চুলকান	"to itch"
ঠাওরান	"to view, see, visualize, view as"
